দৈনিক সংবাদ

তারিখ ..05 DEC 1991...
পৃষ্ঠা... ১২ ... কলাম ..৬...

70

# লিয়াকতকে গ্রেফতারের প্রতিবাদে ছাত্রলীগের সমাবেশ

সাবেক ছাত্রলীগ নেতা বর্তমান কেন্দ্রীয় যুবলীগ নেতা লিয়াকত হোসেন লিয়াকতকে গ্রেফতার করার প্রতিবাদে বাংলাদেশ ছাত্রলীগের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা আহমদ হোসেন, মমতাজউদ্দিন মেহেদী, নুরুল আমিন রুহুল, কামরুজ্জামান আনসারী ও মতিউর রহমান মতি।

বক্তারা লিয়াকত হোসেন লিয়াকতকে অন্যায়ভাবে গ্রেফতার করায় তীব্র ক্ষোভ, নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবী করে বলেন, ডাঃ মিলন ও ছাত্রলীগ নেতা চুন্নু, মিজানের হত্যাকারী ছাত্রদল নেতা ইলিয়াস রতন, মালেক, শফু, শিমুল, সগীর, নিরু চক্ররা, বেগম খালেদা জিয়ার সাথে নিয়মিতভাবে সুগন্ধায় বৈঠক করছে, খালেদা জিয়ার সাথে বিদেশে ভ্রমণ করছে এবং পুলিশের নাকের ডগার ওপর প্রকাশ্যে সশস্ত্র অবস্থায় ঘুরে বেড়াচ্ছে অথচ তাদের গ্রেফতার না করে স্বৈরাচারী এরশাদবিরোধী আন্দোলনের বীর সেনানী লিয়াকত হোসেন, নজীবুল্লাহ হিরু, মোয়াজ্জেম, মাসুদ, নির্মল সহ অসংখ্য নেতা-কর্মীকে গ্রেফতার করা হচ্ছে। বক্তারা বলেন, অন্যায়ভাবে আর একজনও মুজিব অনুসারীকে গ্রেফতার কিংবা নির্যাতন করা হলে এই স্বৈরাচারী সরকারের পতন অনিবার্য হয়ে উঠবে। বক্তাগণ ছাত্রদলের চিহ্নিত খুনীদের অবিলম্বে গ্রেফতারের দাবী জানান।

ছাত্রলীগের ভারপ্রাপ্ত সভাপতি আহমদ হোসেন ও সাধারণ সম্পাদক অসীম কুমার উকিল এক বিবৃতিতে গত মঙ্গলবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের কেন্দ্রীয় নেতা মঈনউদ্দিন, মাসুম, মালা, বাবু, জাহাঙ্গীর ও এমদাদের ওপর হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। নেতৃদ্বয় বলেন, উক্ত ছাত্রনেতৃবৃন্দ সংগঠনের কেন্দ্রীয় কার্যালয় থেকে মোটর সাইকেল যোগে হলে ফেরার পথে দোয়েল চত্বরের রাস্তায় সরকারের বিশেষ বাহিনী ছাত্রলীগের উক্ত নেতা-কর্মীদের অপহরণ করার চেষ্টা চালায়। কিন্তু অপহরণে ব্যর্থ হলে পেছন দিক থেকে এলোপাতাড়ি গুলিবর্ষণ করে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।